বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

Office of the Sub-Divisional Engineer
Anowara O&M Sub-Division
BWDB, Chittagong
Email : sde.anowara.bwdb@gmail.com

উপ-বিভাগীয় প্রকৌশলীর দপ্তর
আনোয়ারা পওর উপ-বিভাগ
পাউবো, চট্টগ্রাম
☎ ০৩১-৬৫০৯৭৩

Bangladesh Water Development Board.

স্মারক নং- উঃবিঃপ্রঃ/আনোয়ারা/এস-৫/৬৪ তারিখঃ-২৮-০৯-২০২১ ইং

## পুনঃনিলাম বিজ্ঞপ্তি নংঃ-২/২০২১-২০২২

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ০৭-১০-২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দফতরে প্রকাশ্য পুনঃনিলাম ডাকের মাধ্যমে বহদ্দারহাটস্থ নির্বাহী প্রকৌশলী-১/তত্ত্বাবধায়ক প্রকৌশলীর বাসভবনের সম্মুখে অবস্থিত ঝুঁকিপুর্ন ২টি রেইনট্রি গাছ দুটি যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় বিক্রয় করা হবে। পুনঃনিলাম ডাকে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিদেরকে উক্ত তারিখের পূর্বেই গাছগুলি সরেজমিনে দেখিয়া নেওয়ার জন্য অনুরোধ করা হইল।
নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-১, পাউবো, বহদ্দারহাট, চট্টগ্রাম এর স্মারক নং-এস/৭- ৭৪০ তারিখ-২৬-০৯-২০২১ ইং নির্দেশ মোতাবেক পুনরায় এই নিলাম বিজ্ঞপ্তি জারী করা হইল।

<u>শর্তাবলীঃ</u>

১। পুনঃনিলাম ডাকে অংশগ্রহনকারীকে আর্নেস্ট মানি হিসেবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম এর অনুকূলে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিয়া নিলাম ডাকে অংশগ্রহন করিতে হইবে।

২। সর্বোচ্চ ডাককারীকে পুনঃনিলাম ডাকের টাকা জামানত সমন্বয়ের মাধ্যমে ডাক শেষ হইবার সর্বোচ্চ ২ (দুই) দিনের মধ্যে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লিঃ, বহদ্দারহাট শাখায় জমা দিতে হইবে। অন্যথায় তাহার নিলাম ডাক বাতিল বলিয়া গন্য হইবে।

৩। নিলাম ডাক সমাপ্তির পর পুনঃনিলাম ডাক সম্পর্কে কাহারও কোন প্রকার আপত্তি থাকিলে নিলাম ডাকের সময় হইতে ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে সর্বোচ্চ ডাকের দ্বিগুন পরিমান টাকা জমা প্রদান সহ লিখিতভাবে পুনঃনিলামের আবেদন করিতে পারিবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাক কারীর ডাক বাতিল বলিয়া গন্য হইবে এবং জমাকৃত টাকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে ফেরত লইতে বাধ্য থাকিবেন।

৪। দ্বিগুন পরিমান টাকা জমা দেওয়ার পর পুনঃ প্রকাশ্য নিলামের জন্য নোটিশ জারী করা হইবে। পুনঃ নিলাম ডাকে যে কেহ অংশ গ্রহন করতে পারিবেন। সেক্ষেত্রে সর্বোচ্চ ডাক কারীর ডাক পূর্বের চাইতে দ্বিগুনের কম হইতে পারিবে না। যদি দ্বিগুনের কম হয় তবে আপত্তিকারীকেই পূর্বের ডাকের দ্বিগুন মূল্যে নিলাম ডাক গ্রহন করিতে হইবে।

৫। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নিলামকৃত গাছগুলি বুঝিয়া লইতে হইবে।

৬। যথাযথ কর্তৃপক্ষের চুড়ান্ত অনুমোদন না পাওয়া পর্যন্ত পুনঃনিলামকৃত গাছগুলি হস্তান্তর করা হইবে না।

৭। পুনঃনিলাম ডাকের সর্বোচ্চ টাকার শতকরা ১৫% ভ্যাট বাবদ উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিয়া উহার কপি অত্র দপ্তরে জমা দেওয়ার পর নিলাম কার্যকর হইবে।

৮। নিলামকৃত গাছগুলো অপসারনকালে কর্তৃপক্ষের কোন সম্পত্তির বা অন্য কোন প্রকার ক্ষতি হইলে তাহা ডাককারী নিজ দায়িত্বে পূরণ করিয়া দিতে হইবে।

৯। কর্তৃপক্ষ যে কোন সময় পুনঃনিলাম ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখেন।

স্বাক্ষরিত/-
(অনুপম দাশ)
উপ-বিভাগীয় প্রকৌশলী
আনোয়ারা পওর উপ-বিভাগ
বাপাউবো, বহদ্দারহাট, চট্টগ্রাম।

স্মারক নং- উঃবিঃপ্রঃ/আনোয়ারা/এস-৫/৬৪/১(১১) তারিখঃ-২৮-০৯-২০২১ ইং
অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম পওর সার্কেল, পাউবো, চট্টগ্রাম।
২। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-১, পাউবো, চট্টগ্রাম। নিলামের দিনে আপনার একজন প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।
৩। নির্বাহী প্রকৌশলী, চট্টগ্রাম পওর বিভাগ-২, পাউবো, চট্টগ্রাম।
৪। উপ-পরিচালক (প্রশাসন), প্রধান প্রকৌশলীর দপ্তর, দক্ষিন পূর্বাঞ্চল, পাউবো, চট্টগ্রাম।
৫। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, পাউবো, চট্টগ্রাম।
৬। বিভাগীয় বন কর্মকর্তা, চট্টগ্রাম উত্তর বন বিভাগ, বন পাহাড়, নন্দন কানন, চট্টগ্রাম।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চান্দগাঁও মডেল থানা, চান্দগাঁও, চট্টগ্রাম।
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, চট্টগ্রাম।
৯। উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা, আনোয়ারা সদর পওর শাখা, পাউবো, চট্টগ্রাম। তাহাকে নিলাম ডাক কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদানের জন্য বলা হলো।
১০-১১। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পওর বিভাগ-১/২।

২৮/০৯/২০২১

উপ-বিভাগীয় প্রকৌশলী
আনোয়ারা পওর উপ-বিভাগ
পাউবো, বহদ্দারহাট, চট্টগ্রাম।